



তারিখঃ ২৫ ফাল্গুন ১৪২৬  
০৯ মার্চ ২০২০

স্মারক নং- ৪৫.০০.০০০০.১৮২.১৫.০৩৩.১৫-৭৯

বিষয়: আউট সোর্সিং নীতিমালা-২০১৮ অনুযায়ী সেবা ক্রয়ে অর্থ বিভাগের সম্মতি প্রদান।

সূত্র: অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অধিশাখা-৬ এর স্মারক নং-০৭.১৫৬.০১৫.৪৫.০০.০৮.২০০৯(অংশ-১)/১১৬, তারিখ: ১৯/০২/২০২০ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে ঔষধ প্রশাসন অধিদপ্তরের আওতাধীন ন্যাশনাল কন্ট্রোল ল্যাবরেটরী, মহাখালী, ঢাকা কার্যালয়ে পরিষ্কার পরিচ্ছন্নতা ও সার্বক্ষণিক সেবা নিশ্চিতকরণার্থে আউট সোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা-২০১৮ এর ৩(২) অনুচ্ছেদ অনুযায়ী নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ অর্থ বছরের জন্য নিম্নোক্ত ১৮ জন সেবা কর্মীর সেবা ক্রয়ের নিমিত্তে নির্দেশক্রমে সম্মতি জ্ঞাপন করা হলো।

সেবার ক্যাটাগরি	আউটসোর্সিং সেবাকর্মীর সংখ্যা
ক্যাটাগরি-১	ইলেকট্রিশিয়ান-০১
ক্যাটাগরি-২	জেনারেটর অপারেটর-০১
ক্যাটাগরি-৫	ল্যাব এটেনডেন্ট-১২, পরিচ্ছন্নতাকর্মী-০২, নিরাপত্তা প্রহরী-০২
সর্বমোট =	১৮

#### শর্তাবলী:

- অর্থ বিভাগের ১০/০৬/২০১৯ তারিখের ২৫৯নং পরিপত্র অনুযায়ী জনপ্রতি সেবামূল্য নির্ধারণ করতে হবে;
- সেবাকর্মীর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সার্ভিস কমিশনের হার ন্যূনতম ৫% এর কম হবে না;
- আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর সেবামূল্য সেবা প্রদানকারীর নিজ নামীয় ব্যাংক হিসাবে সেবা ক্রয়কারী কর্তৃক প্রদেয় হবে;
- এ সেবা ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর বিধি-বিধান অনুসরণ করতে হবে; এবং
- পরিচ্ছন্নতাকর্মীর আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা ক্রয়ের ক্ষেত্রে হরিজন সম্প্রদায়কে অগ্রাধিকার দিতে হবে;

সংযুক্তিঃ বর্ণনামতে।

০৯.০৬.২০২০

মোহাম্মদ মোস্তাফিজুর রহমান  
সহকারী সচিব  
ফোন- ৯৫৪৫৪৬২  
E-mail: drugad1@hsd.gov.bd

মহাপরিচালক

ঔষধ প্রশাসন অধিদপ্তর

মহাখালী, ঢাকা।

#### অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ: আ: যুগ্মসচিব (ব্যয় ব্যবস্থাপনা-৬)]।
- ২। যুগ্মসচিব (বাজেট-১/২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। উপসচিব (পার-৪), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। অতিরিক্ত সচিব (ঔষধ প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। অফিস নথি।



স্মারক নং- ৪৫.০০.০০০০.১৮২.১৫.০৩৩.১৫-৮০

তারিখঃ ২৫ ফাল্গুন ১৪২৬  
০৯ মার্চ ২০২০

বিষয়: ন্যাশনাল কন্ট্রোল ল্যাবরেটরী, মহাখালী, ঢাকা কার্যালয়ের জন্য 'অফিস সহায়ক' পদ রাজস্বখাতে সৃজন সংক্রান্ত।

সূত্র: অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অধিশাখা-৬ এর স্মারক নং-০৭.১৫৬.০১৫.৪৫.০০.০৮.২০০৯(অংশ-১)/১১৭, তারিখ: ১৯/০২/২০২০ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে ঔষধ প্রশাসন অধিদপ্তরের আওতাধীন ন্যাশনাল কন্ট্রোল ল্যাবরেটরী, মহাখালী, ঢাকা কার্যালয়ের জন্য অর্থ বিভাগের ২৩/০৩/২০১৫ খ্রি: তারিখের ১১৭নং স্মারকে আউট সোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী সৃজনকৃত 'অফিস সহায়ক'-এর ০২ (দুই)টি পদ আউট সোর্সিং সেবা ক্রয়ের পরিবর্তে রাজস্বখাতে সৃজনে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অর্থ বিভাগের সম্মতি নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো।

**শর্তাবলী:**

- 'অফিস সহায়ক'-এর ২(দুই)টি পদ রাজস্বখাতে সৃজনে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি গ্রহণ করতে হবে;
- এ বিষয়ে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সুপারিশ গ্রহণ করতে হবে;
- সংশ্লিষ্ট নিয়োগ-বিধিতে প্রয়োজনীয় সংশোধনী আনতে হবে; এবং
- অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ হতে বেতন স্কেল ভেটিংসহ অন্যান্য শর্তাদি পূরণ করতে হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে।

মহাপরিচালক  
ঔষধ প্রশাসন অধিদপ্তর  
মহাখালী, ঢাকা।

**মোহাম্মদ মোস্তাফিজুর রহমান**  
০৯.০৬.২০২০  
সহকারী সচিব  
ফোন- ৯৫৪৫৪৬২  
E-mail: drugad1@hsd.gov.bd

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। উপসচিব (পার-৪), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। অতিরিক্ত সচিব (ঔষধ প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। অফিস নথি।